



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
পরিচালকের দপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
www.dol.chittagongdiv.gov.bd

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৫০.০০১.২৫.৪৮

বিষয়: যৌথদরকষাকষি প্রতিনিধি(সিবিএ) নির্ধারণী নির্বাচনে অংশগ্রহণ বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: চট্টক জাতীয়তাবাদী কর্মচারী দল, রেজিঃ নং চট্ট ২৯৪৯ এর সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত
৩০/১২/২০২৪খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ(চট্টক), চট্টগ্রামে ০৩টি রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন বিদ্যমান রয়েছে, যথাক্রমে: (১) সিডিএ এমপ্লয়ীজ এসোসিয়েশন, রেজিঃ নং চট্ট ৯৫; (২) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী লীগ, রেজিঃ নং চট্ট ২৪৯৫ এবং (৩) চট্টক জাতীয়তাবাদী কর্মচারী দল, রেজিঃ নং চট্ট ২৯৪৯। সূত্রোক্ত পত্রের মাধ্যমে চট্টক জাতীয়তাবাদী কর্মচারী দল, রেজিঃ নং চট্ট ২৯৪৯ এর সভাপতি ও সাধারণ সম্পাদক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২০২ ধারার বিধান মোতাবেক বর্ণিত প্রতিষ্ঠানে যৌথদরকষাকষি প্রতিনিধি(সিবিএ) নির্ধারণী নির্বাচন সম্পন্ন করার জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন করেছেন।

এমতাবস্থায়, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২০২ (৩) উপ ধারার বিধান মতে আপনার ইউনিয়ন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চট্টক) এ গোপন ব্যালটে অনুষ্ঠিতব্য যৌথদরকষাকষি প্রতিনিধি(সিবিএ) নির্ধারণী নির্বাচনে অংশগ্রহণ করবেন কি না তা পত্র প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

নির্ধারিত সময়ের মধ্যে মতামত জানাতে ব্যর্থ হলে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চট্টক) এ অনুষ্ঠিতব্য গোপন ব্যালটের যৌথদরকষাকষি প্রতিনিধি(সিবিএ) নির্ধারণী নির্বাচনে আপনার ইউনিয়ন অংশগ্রহণ করবে না বলে বিবেচিত হবে।

০৭-০১-২০২৫

মোঃ গিয়াস উদ্দিন

পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন

০২৩৩৩৩২৩২৫৮

directorctg1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি ও সাধারণ সম্পাদক, সিডিএ এমপ্লয়ীজ এসোসিয়েশন, রেজিঃ নং চট্ট ৯৫, চট্টক ভবন, কোতোয়ালী, চট্টগ্রাম।
- ২। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী লীগ, রেজিঃ নং চট্ট ২৪৯৫, চট্টক ভবন, কোতোয়ালী,

চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.১০২.৫০.০০১.২৫.৪৮/১ (৫)

তারিখ: ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর।
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।
- ৩। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টক জাতীয়তাবাদী কর্মচারী দল, রেজি: নং চট্ট ২৯৪৯, সৈয়দ বিল্ডিং(৩য় তলা), ৭, এইচ.এস.এস. রোড, কোতোয়ালী, চট্টগ্রাম।
- ৪। জনাব মোঃ রেজোয়ানুল করিম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম(দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি, অত্র দপ্তর।



০৭-০১-২০২৫

মোঃ গিয়াস উদ্দিন

পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স